

পাঠ পরিকল্পনা-১৯ (শ্রেণি : নবম)

অধ্যায়-২ : শরিয়তের উৎস

পাঠ-১৩ : ইসলামের ভিত্তি সম্পর্কিত হাদিস

সময় : ৩৫ মিনিট

সময়	বিবরণ
৫ মিনিট	<p>উপস্থিতি পর্যালোচনা ও নতুন পাঠের উপর পূর্বজ্ঞান পরীক্ষা</p> <p>১. ইসলামের মূলভিত্তিগুলো কী কী?</p>
১০ মিনিট	<p>ইসলামের মূলভিত্তি হলো ৫টি।</p> <p>১. কালেমা/ইমান ২. নামায ৩. ঘোষা ৪. হজ্জ ৫. যাকাত</p> <p>ইসলাম একটি তাঁবুর ন্যায়, যাতে মধ্যবর্তী তথা মূল খুঁটি হলো ইমান আর চার কোণার চারটি খুঁটি হলো-নামায, ঘোষা, হজ্জ, যাকাত।</p> <p>সুতরাং তাঁবু ঠিক রাখতে যেমনি এ পাঁচটি খুঁটির কোনটি না থাকলে চলবে না, তেমনি এ পাঁচটি ভিত্তির কোনটি না থাকে মুসলিম হওয়া যাবে না। সুতরাং পরিপূর্ণ মুসলিম হতে হলে এ পাঁচটি বিষয়ের উপর যথাযথ আমল করতে হবে।</p>
১০ মিনিট	<p>কালেমা বা ইমানের ব্যাখ্যা : ইসলামের পাঁচটি ভিত্তির প্রথমটি হলো-</p> <p style="text-align: center;">الله ألا إله إلا هُوَ رَسُولُهُ</p> <p style="text-align: center;">“লা-ইলাহা ইল্লাহু মুহাম্মদুর রাসূলুল্লাহ”</p> <p>অর্থাৎ আল্লাহ ছাড়া কোন ইলাহ নাই, মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আল্লাহর রাসূল।</p> <p>কালেমা বা ইমানের দুটি অংশ</p> <p>প্রথম অংশের ব্যাখ্যা : তাওহীদে বিশ্বাস (إِيمَانْ لِلَّهِ)</p> <p>এই আকীদার প্রথমাংশ অর্থাৎ আল্লাহর একমাত্র ইলাহ হওয়া এবং আল্লাহ ছাড়া অন্য কারো ইলাহ না হওয়ার অর্থ এই যে, আকাশমণ্ডল ও পৃথিবীর মধ্যে যা কিছু আছে সে সব কিছুর সৃষ্টিকর্তা, প্রতিপালক, মাঝুদ এবং প্রাকৃতিক ও বিদ্যিত সার্বভৌম সত্তা হলেন একমাত্র আল্লাহ। এই সবের কোন এক দিক দিয়েও কেউ তাঁর সাথে শরীক নেই।</p> <p>এই কালিমার দুটি রূপন বা স্তুতি আছে। একটি হলো না বাচক আর অপরটি হলো হ্যাঁ বাচক। না বাচক কথাটির অর্থ হচ্ছে, আল্লাহ ছাড়া সমস্ত কিছুর ইবাদতকে অস্বীকার করা। আর হ্যাঁ বাচক কথাটির অর্থ হচ্ছে একমাত্র আল্লাহই সত্য মা'বুদ। আর মুশরিকগণ আল্লাহ ছাড়া যে সব মা'বুদের উপাসনা করে, সবগুলো মিথ্যা ও বানোয়াট মা'বুদ।</p> <p>১. প্রথমে মন থেকে সকল প্রকার অঙ্গতা তথা সৃষ্টিকর্তা সম্পর্কে বক্রতা দূর করতে হবে। মনকে কূলযতা মুক্ত করতে হবে।</p> <p>২. এর পর এক আল্লাহর উপর বিশ্বাস স্থাপন করতে হবে।</p> <p>যদি কেউ প্রথমটি, তথা অন্য উপাস্যকে ত্যাগ না কে দ্বিতীয়টি তথা আল্লাহর উপর বিশ্বাস স্থাপন করে তাহলে সে হবে মুশরিক। এ দুটি অংশের বিষয়টি এভাবে মূল্যায়ন করা যেতে পারে। আপনার জামা ময়লা হয়ে গিয়েছে, ময়লা জামা পরেই আপনি যেখানে সেখানে যেতেন, নামাযও পড়তেন না। কিন্তু এখন আপনি নামায পড়ার ইচ্ছা করলেন কিন্তু জামা ময়লা তাই সেখানে কিছু পারফিউম মেখে নিয়ে নামায পড়লেন। তাহলে যেমন নামায হবে না। তেমনি আপনার অন্তরে পূর্ব থেকেই যেসকল ভ্রান্ত ধারণা রয়েছে, প্রথমে সেগুলো দূর করতে হবে, অতপর এক আল্লাহর উপর বিশ্বাস স্থাপন করতে হবে।</p>

	<p>দ্বিতীয় অংশের ব্যাখ্যা : মহানবী (সা.) আল্লাহর রাসূল হ্যরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রাসূল হওয়ার অর্থ এই যে, বিশ্বের একমাত্র বাদশাহ আল্লাহর পক্ষ হতে বিশ্বের সকল মানুষের প্রতি সর্বশেষ নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মাধ্যমে একমাত্র নির্ভুল হিদায়াত ও আইন-বিধান প্রেরিত হয়েছে। এই হিদায়াত ও আইন-বিধান অনুযায়ী কাজ করে পূর্ণাঙ্গ বাস্তব নমুনা কায়েম করার জন্যই মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নিযুক্ত করা হয়েছে। তিনি শেষ নবী, তার উপর অবতীর্ণ কুরআন সর্বশেষ ও পূর্ণাঙ্গ আসমানী কিতাব।</p>
৫ মিনিট	<p>হাদিসের শিক্ষা</p> <ol style="list-style-type: none"> নিজেকে মুসলিম দাবী করতে হলে এ পাঁচটি বিষয়ের উপর যত্নশীল হতে হবে। এ পাঁচটির মধ্যে ইমান সর্বাধিক গুরুত্বপূর্ণ। ইমান ছাড়া নামায, রোযা বাকীগুলো কবুল তথা গ্রহণযোগ্য হয় না। ইমান তথা বিশ্বাস সুদৃঢ় করার পরবর্তী পদক্ষেপ হলো আল্লাহ ও রাসূলের আনুগত্য তথা আত্মসমর্পণ করে নামায, রোযা, হজ্জ, যাকাত ইত্যাদি ইবাদাতগুলো পরিপালন করা।
৫ মিনিট	<p>শিক্ষার্থীদের পিভিব্যাক/পাঠোভূর মূল্যায়ন</p> <p>ইসলাম কয়টি ওপর প্রতিষ্ঠিত এ বিষয়ে নুর হোসেন তার বাবার কাছে জানতে চাইলে নুর হোসেনের বাবা এ প্রসঙ্গে একটি হাদিস উল্লেখ করেন। হাদিসটি হ্যরত উমর (রাঃ) থেকে বর্ণিত। হাদিসটি শুনে নুর হোসেন ইসলামের ভিত্তিগুলো সম্পর্কে আবগত হয়।</p> <p>ক. 'বুনিয়া' শব্দের অর্থ কী?</p> <p>খ. সালাতকে বান্দার আনুগত্য প্রকাশের সর্বশ্রেষ্ঠ পছ্তা বলা হয় কেন?</p> <p>গ. নুর হোসেনের বাবা যে হাদিসটি উল্লেখ করেছিলন সে হাদিসটির থেকে আমরা কী শিক্ষালাভ করতে পারি তা ব্যাখ্যা কর।</p> <p>ঘ. নুর হোসেনের বাবার উল্লিখিত হাদিসটি বিশ্লেষণ কর।</p>